

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
জিএফআরডি শাখা



“শেরপুর জেলার কানাসাখোলা-অষ্টমীতলা জেলা মহাসড়ককে আঞ্চলিক মহাসড়কের যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ” শীর্ষক চলমান উন্নয়ন প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটি’র (পিএসসি) সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব
সভার তারিখ	০১ জুন ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১০.২০ মিনিট
স্থান	কক্ষ নং-৮২১, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
উপস্থিতি	পরিশিষ্ট-ক

১। উপস্থাপনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, “শেরপুর জেলার কানাসাখোলা-অষ্টমীতলা জেলা মহাসড়ককে আঞ্চলিক মহাসড়কের যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ” শীর্ষক প্রকল্পটি মোট ৪৯৭০.৬৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং ০১-০৯-২০১৮ থেকে ৩১-১২-২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ২৩-১০-২০১৮ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। ফেব্রুয়ারি, ২০২০ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৯২৫.০০ লক্ষ টাকা এবং আর্থিক অগ্রগতি ১৮.৬১%। প্রকল্পটির পরিচালক বলেন, প্রকল্পের আওতায় ২.৫৫ হেক্টর ভূমি অধিগ্রহণ, ৪২০০০.০০ ঘ.মি. মাটির কাজ, ০.২০ কি.মি. নতুন সড়ক নির্মাণ, ২.৫০ কি.মি. প্রশস্তকরণ কাজ, ২.৫০ কি.মি. মজবুতকরণ কাজ, ২.৭০ কি.মি. সার্ফেসিং কাজ, ৬.০০ মিটার ২টি আরসিসি বক্স কালভার্ট নির্মাণ, ৪৫৫.০০ মিটার আরসিসি প্যালাসাইডিং কাজ, ৫৫০টি গাইড পোস্ট নির্মাণ, ৫২০.০০ মিটার সসার ড্রেন নির্মাণ, সাইন সিগন্যাল, কি.মি. পোস্ট, রোড মার্কিং, ইত্যাদি কাজ অন্তর্ভুক্ত। প্রকল্পটি সংশোধনের কারণ সম্পর্কে তিনি বলেন, বর্তমানে কানাসাখোলা ইন্টারসেকশন হতে ময়মনসিংহ পর্যন্ত প্রায় ৫৪ কি.মি. দীর্ঘ একটি আঞ্চলিক মহাসড়ক নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তাছাড়া, এলজিইডি’র একটি নতুন রাস্তা ইন্টারসেকশনে মিলিত হয়েছে। ফলে উক্ত সড়কের যথাযথ সুফল পেতে হলে ডিপিপিতে অন্তর্ভুক্ত ইন্টারসেকশন আরও **Modify** করে বৃহত্তর ও কার্যকর ইন্টারসেকশন নির্মাণ করা প্রয়োজন। বৃহত্তর ইন্টারসেকশন নির্মাণের জন্য অতিরিক্ত পূর্তকাজ এবং কিছু অতিরিক্ত ভূমি অধিগ্রহণের প্রয়োজন হবে। সংশোধিত প্রস্তাবে প্রকল্প ব্যয় অতিরিক্ত ৪৩৬.৭৩ লক্ষ টাকা বৃদ্ধি পেয়ে মোট ৫৪১০.৩৮ লক্ষ টাকা হতে পারে। সভায় জানানো হয়, বৃহত্তর ইন্টারসেকশন নির্মাণের নিমিত্তে যে অতিরিক্ত ভূমি প্রস্তাব করা হয়েছে তার আওতায় একটি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। উক্ত প্রাথমিক বিদ্যালয়টি অপসারণের বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মতামত প্রয়োজন। এ বিষয়ে জরুরিভিত্তিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে এবং এ বিভাগ কর্তৃক একটি কমিটি করে এর প্রয়োজনীয়তা যাচাই করে পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

২.১) প্রকল্পের আওতায় বৃহত্তর ইন্টারসেকশন নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত অতিরিক্ত ভূমির মধ্যে অবস্থিত প্রাথমিক বিদ্যালয়টি অপসারণের বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে এবং উক্ত মন্ত্রণালয়ের সুপারিশক্রমে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে;

২.২) বৃহত্তর ইন্টারসেকশন নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত অতিরিক্ত ভূমির মধ্যে অবস্থিত বিদ্যালয়টি অপসারণের বিষয়ে সড়ক ও জনপথ অধিদপ্তর সুনির্দিষ্ট প্রস্তাব জরুরীভিত্তিতে এ বিভাগে প্রেরণ করবে;

২.৩) বড় আকারের ইন্টারসেকশন নির্মাণের বিষয়ে এ বিভাগ কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং

২.৪) উপর্যুক্ত সিদ্ধান্ত (২.১-২.৩) প্রতিফলিত করে নির্ধারিত ছকে প্রকল্পের সংশোধিত ডিপিপি জরুরীভিত্তিতে এ বিভাগে প্রেরণ করতে হবে।

৩। সভায় অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩৬.১৪.০৩৯.১৭.

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৭
০৭ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৩) প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৫) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ৭) প্রধান (সংযুক্ত), এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
- ৮) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর
- ৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১০) যুগ্ম প্রধান, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর
- ১২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, , ময়মনসিংহ জোন, ময়মনসিংহ
- ১৩) উপ প্রধান, সওজ জিওবি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

- ১৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, টেকনিক্যাল সার্ভিসেস উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর
১৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর
১৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্লানিং এন্ড প্রোগ্রামিং সার্কেল, সড়ক ও জনপথ অধিদপ্তর
১৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট (সিনিয়র সিস্টেম এনালিস্ট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৮) সিনিয়র সহকারী প্রধান, জিএফআরডি শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৯) প্রকল্প পরিচালক এবং, নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক বিভাগ, শেরপুর
২০) সিনিয়র সহকারী প্রধান, প্রকল্প সমন্বয় শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ



এ এম এম রিজওয়ানুল হক
সিনিয়র সহকারী প্রধান